

রাতের লোকালে অবাধে মদ্যপান, ভাইরাল ভিডিয়ো

নিজস্ব সংবাদদাতা

শিয়ালদহ-বনগাঁ শাখার বারাসত লোকালে বসে রীতিমতো মদ্যপান করছেন এক ব্যক্তি। সোশ্যাল মিডিয়ায় এই ভিডিয়ো ভাইরাল হতেই হইচই পড়ে গিয়েছে চার দিকে।

ভিডিয়ো দেখা যাচ্ছে, গত রবিবার আন্তর্জাতিক নারী দিবসে রাত ৯টা ১২ মিনিটের বারাসত লোকাল যখন বিধাননগর ছেড়ে দমদমে ঢুকছে, তখনই এক ব্যক্তি ব্যাগ থেকে মদের বোতল বার করে প্রকাশ্যে পান করছেন। ট্রেনে যাত্রী বেশি না-থাকায় আলাদা করে কেউ প্রতিবাদ করেননি। তবে প্রত্যক্ষদর্শী এক যাত্রীর বক্তব্য, বেশ কয়েক জন যাত্রী অন্য আসনে গিয়ে বসেন। তাদের মধ্যে মহিলা যাত্রীরাও ছিলেন। রেল পুলিশের দাবি, অভিযুক্ত ব্যক্তির খোঁজ চলছে।

ওই ভিডিয়ো যিনি তুলেছেন, সেই যুবকের কথায়, “ট্রেনে আগে ধূমপান করতে দেখেছি। কিন্তু এ ভাবে কাউকে সহযাত্রীদের সামনে বোতল খুলে মদ খেতে দেখিনি। কেউ এতটা বেপরোয়া হতে পারে, ভাবতেই পারছি না।”

ওই ভিডিয়ো দেখা গিয়েছে, জানলার ধারে বসে মদ খাচ্ছেন ওই ব্যক্তি। পরে মুখেমুখি বসা এক যাত্রীর দিকে বোতল এগিয়ে দিচ্ছেন। সেই যাত্রীও মদ্যপান করছেন। কাছাকাছি বসে থাকা এক মহিলা যাত্রী ওই ঘটনা দেখে উঠে গিয়ে অন্য জায়গায় বসেন।

এই ঘটনায় আলোড়ন পড়ে গিয়েছে নিত্যযাত্রীদের মধ্যেও। বুধবার বনগাঁ লোকালের নিত্যযাত্রী শ্রীপর্ণা বন্দ্যোপাধ্যায় নামে এক মহিলা বলেন, “এ রকম চললে তো যাত্রীদের নিরাপত্তা বলে আর কিছুই থাকবে না।”

রেলের এক আধিকারিক জানান, ট্রেনে মদ্যপান করা দণ্ডনীয় অপরাধ।



■ ভাইরাল হয়েছে এই ভিডিয়ো।

১৯৮৯ সালের রেলের আইনের ১৪৫ ধারা অনুযায়ী, কামরায় কেউ মদ্যপান করলে তাঁর টিকিট বাতিল করে ট্রেন থেকে নামিয়ে দেওয়ার সুযোগ রয়েছে। পাশাপাশি, সর্বোচ্চ ৫০০ টাকা জরিমানা ও ছ'মাস পর্যন্ত কারাদণ্ড দেওয়ার সুযোগ রয়েছে আইনে। কোনও যাত্রী যদি অশালীন ভিডিয়ো দেখেন, তবে সে ক্ষেত্রেও এই বিধি প্রযোজ্য হতে পারে। এমনকি, কেউ অশ্লীল শব্দ প্রয়োগ করলে তা যদি অন্য মহিলা যাত্রীদের অস্বস্তির কারণ হয়ে দাঁড়ায়, সে ক্ষেত্রেও একই আইন প্রয়োগের সুযোগ রয়েছে।

নিরাপত্তা বাড়াতে সম্প্রতি লোকাল ট্রেনের মহিলা কামরায় সিসি ক্যামেরা বসানো শুরু হয়েছে। যদিও সেই কাজ সম্পূর্ণ হয়নি। এতে আরও ভাল ভাবে নজরদারি সম্ভব বলে মত রেলকর্তাদের। নজরদারির ফাঁকি গলেই এমন ঘটনা ঘটে বলে মত এক রেলকর্তার। যাত্রীদের এমন প্রবণতা ঠেকাতে অভিযান চলে। তবে তা যে নিয়মিত নয়, তা মেনে নেন ওই কর্তা। ভবিষ্যতে নজরদারি বাড়ানো হবে বলে জানান তিনি। এমন যাত্রীদের চিহ্নিত করার ক্ষেত্রে সকলকে এগিয়ে আসার আবেদন জানান ওই কর্তা।